

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা
প্লট নং-২, গরীব-ই-নেওয়াজ এভিনিউ,
সেক্টর-১৩, উত্তরা, ঢাকা।
www.dnbc.gov.bd

নথি নং-৫(১৩)৪২/কাস-বন্ড/লাইঃ/হরাইজন/২০১২

তারিখ: .০৯.২০২৬।

বিষয়: বার্ষিক নিরীক্ষার লক্ষ্যে যথাসময়ে দলিলাদি দাখিল না করা এবং নিরীক্ষা কার্যক্রমে আইনানুগ সহায়তা না করায় কারণ দর্শানো নোটিশ।

উপর্যুক্ত বিষয়ে আপনার/আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক এই মর্মে অবহিত করা যাচ্ছে যে, আপনার ব্যবস্থাপনাধীন মেসার্স নীট হরাইজন লিঃ, বহেরারচালা, শ্রীপুর, গাজীপুর, (বন্ড লাইসেন্স নং- ১৩৯৩/কাস—এসবিডব্লিউ/২০১২ তারিখ: ২৩.০৪.২০১২ খ্রিঃ, ই-বিন নং- ০০০৭৯০০১৪৯-০১০৩ তারিখ: ১০.০২.২০১৯ খ্রিঃ) নামীয় প্রতিষ্ঠানের ২৩.০৪.২০২৪ খ্রি. হতে ২২.০৪.২০২৫ খ্রি. এবং ২২.০৪.২০২৫ খ্রি. হতে ২৩.০৪.২০২৬ খ্রি. মেয়াদের বার্ষিক নিরীক্ষা কার্যক্রম যথা সময়ে না করায় অভ্যন্তরীণ সম্পদ বিভাগের জারিকৃত এস, আর, ও নং- ২১৩/আইন-২০২৪/৬৫/কাস্টমস, তারিখ: ২৯/০৫/২০২৪ খ্রি. এর বিধি-১২ (১) অনুযায়ী সরাসরি রপ্তানিমুখী পোশাক শিল্প প্রতিষ্ঠান লাইসেন্স প্রাপ্তির ১ (এক) বৎসর অতিক্রান্ত হইলে উক্ত অতিক্রান্ত বৎসরের আমদানি-রপ্তানি বিবরণী তফসিল-৪ মোতাবেক সহায়ক দলিলাদিসহ নিরীক্ষা মেয়াদ অতিক্রান্ত হইবার ৯০ (নব্বই) কার্য দিবসের মধ্যে সংশ্লিষ্ট কমিশনারেটে দাখিল করিতে হইবে। অথচ আপনি নির্ধারিত সময়ের মধ্যে বার্ষিক নিরীক্ষা সম্পন্নকরণের লক্ষ্যে যথাসময়ে নিরীক্ষার আবেদন ও প্রয়োজনীয় দলিলাদি দাখিল করেননি।

০২। আপনার ব্যবস্থাপনাধীন প্রতিষ্ঠানের উক্তরূপ কার্যকলাপ কাস্টমস আইন, ২০২৩ এবং ওয়ারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০২৪ ও সরাসরি রপ্তানিমুখী পোশাক শিল্প প্রতিষ্ঠান (ওয়ারহাউস পদ্ধতির আওতায় সাময়িক আমদানি, ওয়ারহাউস পরিচালনা ও কার্য পদ্ধতি) বিধিমালা, ২০২৪ এর সুস্পষ্ট লঙ্ঘন, যা কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১৭১ এর টেবিলভুক্ত ক্রমিক নং- ২ অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

০৩। এমতাবস্থায়, উল্লিখিত অপরাধ সংঘটনের দায়ে কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১৭১ এর টেবিলভুক্ত ক্রমিক নং- ২ এর বিধান মোতাবেক প্রতিষ্ঠানটির বিরুদ্ধে কেন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ ব্যাখ্যা সম্বলিত লিখিত জবাব এই পত্র জারির ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে এ দপ্তরে দাখিল করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। উক্ত নির্ধারিত সময়ের মধ্যে জবাব পাওয়া না গেলে নথিতে সংরক্ষিত দলিলাদির ভিত্তিতে একতরফাভাবে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। এ ব্যাপারে আপনি অথবা আপনার মনোনীত প্রতিনিধি (যথাযথ কর্তৃপক্ষ স্বাক্ষরিত মনোনয়ন পত্রসহ) ব্যক্তিগত শুনানীতে হাজির হতে আগ্রহী হলে লিখিত জবাবে তাও উল্লেখ করতে হবে।

প্রাপক:

ব্যবস্থাপনা পরিচালক
মেসার্স নীট হরাইজন লিঃ,
বহেরারচালা, শ্রীপুর, গাজীপুর।

স্বাঃ
(কাস্টমস রানী দত্ত)
অতিরিক্ত কমিশনার
ফোন: +৮৮০২২২৪৪৭১২০৩

নথি নং-৫(১৩)৪২/কাস-বন্ড/লাইঃ/হরাইজন/২০১২/১৭৭৯৯(২)

তারিখ: ১০ .০৯.২০২৬।

অনুলিপি অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো:

- ১। সহকারী প্রোগ্রামার, কাস্টমস বন্ড কমিশনারেট ঢাকা (উত্তর), ঢাকা; [কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা'র ওয়েবসাইটে Upload করার জন্য অনুরোধ করা হলো]
- ২। পি. এ টু কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট ঢাকা (উত্তর), ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

মোঃ নাজমুল আহসান
সহকারী কমিশনার (চ: দা:)